



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী পরিচালকের কার্যালয়  
তুলা উন্নয়ন বোর্ড  
মনিটরিং শাখা  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৫.৯৯.০০১.১৭-৩৯

তারিখ: ৯ কার্তিক ১৪২৯

২৫ অক্টোবর ২০২২

বিষয়: তুলা ফসলের জরুরী বার্তা

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমানে ঘূর্ণিঝড় সিত্রাং এর কারণে অতিবৃষ্টিপাত, উচ্চ তাপমাত্রা ও বাতাসের আদ্রতা বৃদ্ধি পাওয়ায় তুলা গাছ ঢলে পড়া, জ্যাসিড আক্রমণ বৃদ্ধি, বোল পঁচা রোগ এবং সার লিচিং হওয়ায় জরুরী করণীয়সমূহঃ

## ১। সার প্রয়োগ ও গোড়াবঁধাইঃ

বৃষ্টিতে সার ধুয়ে চলে যাওয়ায় পরিমানমত পটাশ, ডিএপি, বোরণ ও জিপসাম সার প্রয়োগ করে গোড়া বঁধাই করে দিতে হবে। ঢলে পড়া গাছ অবশ্যই দ্রুত সোজা করে দিতে হবে।

## ২। ফুল ও বোল ঝড়া রোধঃ

ফুল ও বোল ঝড়া রোধের জন্য ন্যাফথালিন অ্যাসিটিক অ্যাসিড ও জিবরালিক এসিড পরিমানমত ব্যবহার করতে হবে।

## ৩। বোল পঁচা রোগ দমনঃ

বোল পঁচা রোগ দমনের জন্য ম্যানকোজেব গুপের ছত্রাকনাশক স্প্রে করতে হবে।

## ৪। জ্যাসিড নিয়ন্ত্রনঃ

অতি বৃষ্টি ও বাতাসের আদ্রতা বৃদ্ধির জন্য তুলা ফসলে জ্যাসিডের আক্রমণ বৃদ্ধি পাওয়ায় জ্যাসিড নিয়ন্ত্রনের জন্য দ্রুত গাছের কচিপাতার নীচে স্প্রে করতে হবে এবং পাতার শিরায় জ্যাসিডের ডিম ফুটে আবারো সংখ্যায় বৃদ্ধি পাওয়ার আশংকা রোধের জন্য পরবর্তী স্প্রে ৩ দিনের মধ্যে কচি পাতার নীচে অন্য গুপের কীটনাশক স্প্রে করতে হবে। আর আঁচা পোকের আক্রমণ দেখা দিলে হাত বাছাই করে ২ গুপের কীটনাশক প্রয়োগ করতে হবে।

## ৫। রুপালী বাম্পার প্রয়োগঃ

গাছের অধিক বৃদ্ধি রোধ, গাছ শক্ত, পাতা পুরু ও গাঢ় সবুজ করার জন্য প্রতি লিটার পানিতে ২ এমএল রুপালী বাম্পার মিশ্রিত করে গাছের শীর্ষ ডগায় স্প্রে করতে হবে।



২৫-১০-২০২২

মোঃ আখতারুজ্জামান  
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ :

- ১) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল )
- ২) তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৫.৯৯.০০১.১৭-.৩৯/১(৬)

তারিখ: ৯ কার্তিক ১৪২৯  
২৫ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)
- ২) ব্যক্তিগত সহকারী, নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৩) আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা (তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



২৫-১০-২০২২

মুহাম্মদ মোফাজ্জল হোসেন  
সিনিয়র জিনিং অফিসার